কলম্বাসের ছুটির মজা
সুযোগ বন্দ্যোপাধ্যায়
সম্পূর্ণ রঙিন
নতুন হাসির
কমিক্‌স

সুযোগ বন্দ্যোপাধ্যায়

কাহিনি ও ছবি: সুযোগ বন্দ্যোপাধ্যায়

কীরে, মুখটা অমন হাঁড়ি করে আছিস কেন?

ছুটি পড়ার আগে হোমওয়ার্ক দেওয়া হচ্ছে...

কাঁড়ি-কাঁড়ি হোমওয়ার্ক পেয়ে কে কবে আহ্লাদে আটখানা হয়েছে শুনি?

হোমওয়ার্ক নিয়ে কারও কোনও প্রশ্ন আছে?

আমার একটা কথা ছিল।

এত কাজ করব কখন ম্যাম?

এটা একটা কথা হল? কী এমন রাজকার্য আছে যে

হোমওয়ার্ক করার সময় নেই!

ম্যাডাম তো রেগে আগুন!

আমি যে বেড়াতে যাচ্ছি আন্টি!

আন্দামান ম্যাডাম। জাহাজে চড়ে যাব, প্লেনে ফিরব।
কলম্বাস ঠিকই বলেছে। আমিও তো মামার বাড়ি যাব।
অঙ্ক কম করলে তো আমাদেরই ক্ষতি তাই না?
ন্যাকা! সবসময় স্যার-ম্যাডামদের কাছে ভাল সাজা!
আমাদের আবার নাটকের রিহার্সাল আছে ম্যাডাম।

একটা সুযোগ পেতেই বাকিরাও চিৎকার, চেঁচামেচি জুড়ে দিল...
আরে এ তো মহা মুশকিল!
ম্যাডাম আমরাও বেড়াতে যাব।
আমরাও যাব ম্যাডাম।

অগত্যা...
ওকে! আমি টাস্ক কমিয়ে দিচ্ছি। ওফ!

হুঁ হুঁ বাবা! জম্পেশ একটা চালাকি করেছি।

ছুটির ঘণ্টা পড়ল...
ঢং ঢং ঢং ঢং

হরিনাভি অ্যাংলো সংস্কৃত উচ্চ-বিদ্যালয়

আর-একদিন হলেই ছুটি। কী মজা!
তোর জন্য কাজও খানিকটা কমল। দারুণ ব্যাপার!
সবই যদি বাড়িতে করব তো রবি ঠাকুরের মতো বাড়িতে পড়লেই হয়।
বড়পিসিরা আন্দামান গিয়েছিল তাই ওইটুকু বলে দিলাম। ভাল করে জেনে নিতে হবে।
স্কুল খুললে যদি জিজ্ঞেস করে!

নেট থেকে আন্দামান সম্পর্কে একটু জেনে নিতে হবে।
হুমম ! প্রথমে টাইপ করতে হবে ANDAMAN...
কী ব্যাপার, কলম্বাস আজ খেলতে গেল না ?
কলম্বাস ! বাবার কম্পিউটারে কী করছ ?
ওফ ! এই জন্য চাকরি করা মায়েরাই ভাল। বাড়িতে থাকলেই শুধু আমার পিছনে গোয়েন্দাগিরি।
গুগলে একটু আন্দামান জায়গাটা দেখছিলাম।
ভূগোল বইটা মন দিয়ে পড়ছ ? এ্যাঁ ?
সব ব্যাপারে বেশি বাড়াবাড়ি করার দরকার নেই।

!!?
সবসময় তো বলো যে, আমার কোনও কিছুতেই ইন্টারেস্ট নেই।
ইন্টারেস্ট দ্যাখালেও দেখছি বিপদ!
এমন করলে তো আমি যেদিকে দু'চোখ যায় চলে যাব।
যাকগে, কাল স্কুল ছুটি পড়ছে বাবা তোমাকে নিতে যাবেন।
এই মরেচে!
অফিস-কাছারি ফেলে বাবার আবার আমাকে আনতে যাওয়ার কী দরকার!

খালি পাকা-
পাকা কথা
মুখে।
যাকগে, পরে
দেখে নিতে হবে।
মাকে এড়িয়ে
কিছু করা
একটা ঝামেলা।
পরের দিন...
হ্যাঁ, আমি
কলম্বাসকে নিয়ে
একেবারে ফিরব।
একটু আগেই
এসে গিয়েছি।
আরে! ওদের
ক্লাসটিচার না?
এক্সকিউজ় মি!

আজ আবার বাবা নিতে আসবেন বুঝলি!

এই তালে একটা ক্যালকুলেটর যদি বাগানো যায় ফেরার পথে!

এই তো তোর বাবা! ওইখানে!

এই মরেচে!

বেড়াতে যাওয়ার কথাটা বলে না দেন!
বলে দিলেন তো বয়েই গেল।
ধ্যাৎতেরিকা! সত্যি-সত্যি যাচ্ছি নাকি?
ও বুঝলাম!
ওমা কী হল!
??
আঁ আঁ পেটে কী ব্যথা, ওফ!
চেঁচিয়ে সব গুলিয়ে দিতে হবে। একমাত্র উপায়।

নিশ্চই কিছু হাবিজাবি, ঝালমশলা খেয়েছ?
বাপরে গেলাম! খুব ব্যথা করছে, বাড়ি যাব।
ক্রিমির থেকেও হতে পারে বুঝলেন।
একটা ইনজেকশন দিলেই ক্রিমির ব্যথা কমে যাবে।
??
ভয়ানক কিছু হয়েছে।
ওফ যা অ্যাক্টিং, সিনেমায় চান্স পেয়ে যাবে!
কয়েক মুহূর্ত পরে...
এখন একটু ভাল লাগছে।
ইনজেকশন মানেই একটা আস্ত ঝামেলা!
চলো, ডক্টরের কাছে ঘুরে যাব।
ক্যালকুলেটরটা কেনা হবে না।

অসুস্থ কলম্বাসকে কোলে নিয়েছেন বাবা!
আরে একী বাবা! আমায় নামিয়ে দাও, নামিয়ে দাও।
ইস্ সব বন্ধুরা দেখছে। একেবারে যা তা ব্যাপার!
একটা থরো চেকআপ করিয়ে নিতে হবে।
চলুন, কলম্বাসের ব্যাগটা আমি নিয়ে যাচ্ছি।

চলুন, আপনিও তো যাবেন?
না, ধন্যবাদ। আমি অন্যদিকে যাব।
ওফ বাঁচা গেল!
দেখা যাক ডাক্তার আবার কী বলেন।
আন্দামানের ব্যাপারটা বোধ হয় জানতে পারেনি।
জোরে-জোরে শ্বাস নাও।
একটা মিথ্যেয় হাজারটা ঝামেলা।
একটা সিরাপ দিচ্ছি, একটু তেতো।
কিন্তু খেতেই হবে নিয়ম করে।
সব ওষুধ নিয়ম করে খাবে। কোনও অন্যথা নয়।
মাঝখান থেকে আবার তেতো ওষুধ গিলতে হবে।
আর বাইরের হাবিজাবি, ভাজাভুজি একদম বন্ধ।

যাক, অনেক
কষ্টে ব্যাপারটা
ম্যানেজ করেছি।
কলম্বাস, বাবা
ডাকছেন যাও।
বাবা! আবার
কী হল!
তাড়াতাড়ি বলো
বাবা, এখন আবার
আমার খেলার সময়।
হুমম! বুঝলাম।
আমরা ছুটিতে
বেড়াতে যাচ্ছি।
কোথায়, বাবা
কোথায়?
ভাবছি আন্দামান
যাব, কেমন?
দারুণ
বাবা!
ওফ! এ তো
দারুণ মজা!

ইয়াপ্পি! হি হি হি হি!
যাওয়ার দিন সকালবেলা...
কলম্বাস রেডি হয়ে নাও। এয়ারপোর্ট যেতে হবে।
ট্যাক্সি এসে গিয়েছে চলো।
মা, একবার ফোনটা দাও না!
না, পরে!
ইমপর্ট্যান্ট ফোন। দাও না মা!
হ্যালো, জানিস আমরা সত্যি-সত্যি আন্দামান যাচ্ছি।
তাই নাকি? দারুণ তো!

আমরা সোজা এয়ারপোর্টে যাচ্ছি।
তার আগে একটা ছোট্ট কাজ আছে।
প্লেনের টিকিট কাটতে হবে?
কাটা আছে, নিতে হবে সোনা।
এইখানে?
বাঁ দিকে ঘুরে সামনে থামাও তো ভাই!

কলম্বাস,
আমার সঙ্গে
যাবে নাকি?
হ্যাঁ, দেখেই
আসি। পরে তো
আমিও কাটব।
লিফটে উঠে...
এই মেয়েটাও কি
আন্দামানের টিকিট
আনতে এসেছে?
এই সামনের
ফ্ল্যাটেই
টিকিট আছে।
এটা কি তা হলে
প্লেনের টিকিটের
দোকান?
ওই রকমই
ভাবতে পার
আপাতত।
গুড মর্নিং!

ম্যাডামকে মিথ্যে বলে যে ক'টা অঙ্ক কমিয়েছ, সেগুলো এখানে বসে করবে।
অ্যাঁ!
আজ সারাদিন অঙ্ক করবে আর কাল আমরা সত্যি-সত্যি আন্দামান যাব।
আর মা যে গাড়িতে ওয়েট করছেন?
মা সব জানেন কলম্বাস। খাতা-বই নিয়ে মা আসছেন।
ভ্যাঁ ভ্যাঁ ভ্যাঁ
সমাপ্ত